

## পাবলিক ভার্টিসিটিতে জবাবদিহিতা নিশ্চিত করার আহ্বান

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বলেছেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এখন অন্যতম প্রধান বিষয়। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং বিদ্যমান পরিস্থিতি পরিবর্তনে সংশ্লিষ্টদের আরও মনোযোগী হতে হবে।

মঙ্গলবার ইউজিসি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নিয়ে মূল্যায়ন সভার আয়োজন করে ইউজিসি। সরকারী কর্মব্যবস্থাপনা পদ্ধতির আওতায় ইউজিসি দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে। এই চুক্তির মূল উদ্দেশ্য দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সুশাসন, স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং উৎকর্ষ সাধন করা। ইউজিসি চেয়ারম্যান আরও বলেন, বিশ্ববিদ্যালয় পরিচালনা অনেকাংশে নির্ভর করে দক্ষ রেজিস্ট্রারের ওপর। তারা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনসহ অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। অতীতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যবৃন্দ প্রশাসনিক কাজে রেজিস্ট্রারের ওপর নির্ভর করতেন। বর্তমানে দক্ষ রেজিস্ট্রারের অভাবে অনেক বিশ্ববিদ্যালয় ভারপ্রাপ্তদের দিয়ে কার্যক্রম পরিচালনা করছেন।

সভাপতির ভাষণে ইউজিসি সদস্য অধ্যাপক ড. এম শাহ নওয়াজ আলী বলেন, কতিপয় পাবলিক বিশ্ববিদ্যালয়ে বৈরী অবস্থা বিরাজ করছে।

গোপালগঞ্জের বিদায়ী উপাচার্য ফিরলেন নিজ প্রতিষ্ঠানে ॥ ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) নিজ বিভাগে ফিরেছেন গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পদত্যাগী উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোঃ নাসিরউদ্দিন। মঙ্গলবার পূর্বের কর্মস্থল বাকৃবির বায়োটেকনোলজি বিভাগে যোগদান করেছেন তিনি।

বায়োটেকনোলজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. শহিদুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, কোন শিক্ষক প্রেষণে গেলে পুনরায় কর্মস্থলে যোগ দিতে বিভাগীয় প্রধান বরাবর আবেদন করতে হয়। তিনি আবেদন করে মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে যোগদান করেছেন।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

